দৈনিক সংবাদ

35

তারিখ ... SEP. 1 4 1999
পৃষ্ঠা ৭ কলাম ২

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফিমেল সেকেন্ডারী স্কুল এসিসট্যান্স প্রজেক্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন (২য় ব্লক), ১৬ আবদুল গনি রোড, ঢাকা

স্মারক নং-এফএসএসপি/ওএসডিপি/৪৬৪/৯৯/৫৮৪ তারিখ ঃ ০৬ সেপ্টেম্বর ১৯৯৯

# প্রশিক্ষণ সংস্থা নিয়োগের বিজ্ঞপ্তি

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ফিমেল সেকেন্ডারী স্কুল এসিসট্যান্স প্রজেক্ট (এফএসএসএপি) এর-ব্যয় বাবদ আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ) থেকে ঋণলাভ করেছে (ক্রেডিট নং-২৪৬৯ বিডি) এবং ঋণ হিসাবে প্রাপ্ত উক্ত অর্থের অংশবিশেষ এফএসএসএপি প্রকল্পের প্রকল্প পরিচালকের মাধ্যমে অত্র প্রকল্পের ড্রপ-আউট ছাত্রীদের পেশাগত দক্ষতা বৃদ্ধিমূলক কর্মসূচী (ওএসডিপি)-এর অধীনে ব্যয় করা হবে।

২। প্রকল্প পরিচালক, 'ফিমেল সেকেন্ডারী স্কুল এসিসট্যান্স প্রজেক্ট' কর্তৃক উপরে উল্লিখিত পেশাগত দক্ষতা বৃদ্ধিমূলক কর্মসূচীর অধীনে প্রকল্পভুক্ত ৩৫টি থানার প্রতি থানায় ৪০ জন করে নির্বাচিত ঝরেপড়া (ড্রপ-আউট) ছাত্রীদের কর্মক্ষম ও স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে বিভিন্ন ট্রেডে পেশাগত প্রশিক্ষণ প্রদানের জন্য প্রকৃত/যোগ্য প্রশিক্ষণ সংস্থা ও এনজিওদের কাছ থেকে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

৩। যোগ্য ও আগ্রহী প্রশিক্ষণ সংস্থা/এনজিওকে প্রকল্প পরিচালক, এফএসএসএপি-এর বরাবরে সর্বশেষ আগামী ১১ অক্টোবর ১৯৯৯ তারিখ কিংবা এর পূর্বে আবেদনপত্র দাখিলপূর্বক প্রকল্প পরিচালকের কার্যালয়, হিসাব শাখা, ফিমেল সেকেন্ডারী স্কুল এসিসট্যান্স প্রজেক্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (২য় ব্লক), ১৬ আবদুল গনি রোড, ঢাকা থেকে অথবা শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-৬, কক্ষ নং-১৮০১/১, ১৯ তলা, বিল্ডিং নং-৬, বাংলাদেশ সচিবালয় থেকে অফিস চলাকালে শর্তাবলী (টি ও আর)সহ সিডিউল সংগ্রহের জন্য অনুরোধ করা হলো।

৪। অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী প্রশিক্ষণ সংস্থা/এনজিওকে সম্পূর্ণ নিজস্ব ব্যয় ও ব্যবস্থাপনায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য প্রস্তুত থাকতে হবে। যথাযথভাবে প্রশিক্ষণ সম্পন্ন হবার পর বিজয়ী নির্বাচিত প্রশিক্ষণ সংস্থা/এনজিওকে দর প্রস্তাবে উদ্ধৃত মোট মূল্য পরিশোধ করা হবে।

৫। প্রশিক্ষণের জন্য নির্বাচিত থানা ও থানা ভিত্তিক ট্রেড ঃ

| ক্রমিক নং | থানার নাম | নির্বাচিত ট্রেড | ক্রমিক নং | থানার নাম | নির্বাচিত ট্রেড |
|---|---|---|---|---|---|
| ১। | আমতলি (বরগুনা) | সেলাই শিক্ষা | ১৯। | নালিতাবাড়ী (শেরপুর) | সেলাই শিক্ষা |
| ২। | উজিরপুর (বরিশাল) | সেলাই শিক্ষা | ২০। | জীবননগর (চুয়াডাঙ্গা) | সেলাই শিক্ষা |
| ৩। | চরফ্যাশন (ভোলা) | সেলাই শিক্ষা | ২১। | হরিণাকুণ্ড (ঝিনাইদহ) | সেলাই শিক্ষা |
| ৪। | তজুমুদ্দিন (ভোলা) | সেলাই শিক্ষা | ২২। | সারিয়াকান্দি (বগুড়া) | মৌ মাছির চাষ |
| ৫। | রাজাপুর (ঝালকাঠী) | হাঁস-মুরগী পালন ও সবজি চাষ | ২৩। | কাহারোল (দিনাজপুর) | সেলাই শিক্ষা |
| ৬। | দশমিনা (পটুয়াখালী) | হাঁস-মুরগী পালন ও সবজি চাষ | ২৪। | কালাই (জয়পুরহাট) | হাঁস-মুরগী পালন ও সবজি চাষ |
| ৭। | পিরোজপুর (পিরোজপুর) | মাদুর ও শীতল পাটি তৈরী | ২৫। | উলিপুর (কুড়িগ্রাম) | হাঁস-মুরগী পালন ও সবজি চাষ |
| ৮। | সরাইল (বি-বাড়িয়া) | সেলাই শিক্ষা | ২৬। | আদিতমারী (লালমনিরহাট) | সেলাই শিক্ষা |
| ৯। | বাঁশখালী (চট্টগ্রাম) | হাঁস মুরগী পালন ও সবজি চাষ | ২৭। | মান্দা (নওগাঁ) | সেলাই শিক্ষা |
| ১০। | চৌদ্দগ্রাম (কুমিল্লা) | সেলাই শিক্ষা | ২৮। | গুরুদাসপুর (নাটোর) | রেশম চাষ |
| ১১। | হাতিয়া (নোয়াখালী) | সেলাই শিক্ষা | ২৯। | ডিমলা (নিলফামারী) | সেলাই শিক্ষা |
| ১২। | কাশিয়ানী (গোপালগঞ্জ) | সেলাই শিক্ষা | ৩০। | তানোর (রাজশাহী) | রেশম চাষ |
| ১৩। | ইসলামপুর (জামালপুর) | হাঁস-মুরগী পালন ও সবজি চাষ | ৩১। | গংগাচড়া (রংপুর) | সেলাই শিক্ষা |
| ১৪। | তাড়াইল (কিশোরগঞ্জ) | হাঁস-মুরগী পালন ও সবজি চাষ | ৩২। | বালিয়াডাঙ্গী (ঠাকুরগাঁও) | হাঁস-মুরগী, পালন ও সবজি চাষ |
| ১৫। | গজারিয়া (মুন্সিগঞ্জ) | সেলাই শিক্ষা | ৩৩। | কমলগঞ্জ (মৌলভীবাজার) | সেলাই শিক্ষা |
| ১৬। | বেলাবো (নরসিংদী) | সেলাই শিক্ষা | ৩৪। | ধর্মপাশা (সুনামগঞ্জ) | মাদুর ও শীতলপাটি তৈরী |
| ১৭। | দুর্গাপুর (নেত্রকোনা) | সেলাই শিক্ষা | ৩৫। | গোয়াইনঘাট (সিলেট) | সেলাই শিক্ষা |
| ১৮। | জাজিরা (শরিয়তপুর) | সেলাই শিক্ষা | | | |

৬। নির্বাচিত সংস্থাকে প্রত্যেক থানায় নির্দিষ্ট সংখ্যক ছাত্রীকে নির্ধারিত ট্রেডে প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ট্রেড অনুযায়ী দুই মাস থেকে চার মাসের মধ্যে হতে হবে।

৭। আগ্রহী সংস্থা/প্রতিষ্ঠানকে প্রতিটি থানার প্রতিসেট সিডিউল (বিড ডকুমেন্ট) লাভের জন্য আবেদনপত্রের সাথে নগদ ৪০০/- (চারশত) টাকা (অফেরতযোগ্য) প্রদান করতে হবে। পেশাগত দক্ষতা বৃদ্ধিমূলক কর্মসূচীর বিষয়ে পিআইইউ কর্তৃক প্রণীত বিস্তারিত শর্তাবলি এবং প্রদেয় সার্ভিস সিডিউলে পাওয়া যাবে। আগ্রহী প্রতিষ্ঠানকে প্রতি থানার জন্য পৃথক দর প্রস্তাবনা সীলমোহরকৃত খামে জমা দিতে হবে।

৮। আগামী ১২ অক্টোবর ১৯৯৯ দুপুর ১২-০০টা পর্যন্ত প্রকল্প পরিচালক, এফএসএসএপি-এর কার্যালয়ে এবং শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-৬, কক্ষ নং-১৮০১/১- এ দরপত্র গ্রহণ করা হবে। প্রাপ্ত দরপত্রসমূহ আগামী ১২ অক্টোবর ১৯৯৯ তারিখ ১২-৩০ মিনিটের সময় দরদাতা অথবা দরদাতাদের মনোনীত প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) উপরোল্লিখিত কার্যালয়সমূহে খোলা হবে।

৯। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ডঃ মোঃ লুৎফর রহমান
প্রকল্প পরিচালক
এফএসএসএপি, ঢাকা।

ডিএফপি-১৯৯০৭-৮/৯
সি-৫৬৩২ (৯X৩)